

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৭৬০

১/ বিবিধ

আরবী

المؤمن كيس فطن حذر

موضوع

رواه القضاعي (2 / 2 / 2) عن سليمان بن عمرو النخعي عن أبان عن أنس بن مالك مرفوعا. قلت: وهذا موضوع، النخعي هذا كان يضع الحديث كما قال أحمد وغيره. وأبان هو ابن أبي عياش متروك متهم، ولهذا فقد أساء السيوطي بإيراده إياه في " الجامع الصغير " من رواية القضاعي هذه وقد تعقبه المناوي بقوله: " قال العامري: " حسن غريب "، وليس فيما زعمه بمصيب. بل فيه أبو داود النخعي كذاب، قال في " الميزان " عن يحيى: كان أكذب الناس. ثم سرد له عدة أخبار هذا منها. قال ابن عدي: أجمعوا على أنه كان وضاعا

বাংলা

৭৬০। মুমিন ব্যক্তি হচ্ছে বুদ্ধিমান, বিচক্ষণ এবং সাবধানতা অবলম্বনকারী।

হাদীছটি জাল।

এটি কাযাঈ (২/২/২) সুলায়মান ইবনু আমর আন-নাখ'ঈ হতে তিনি আবান হতে তিনি আনাস ইবনু মালেক (রাঃ) হতে মারফূ' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি বানোয়াট। এই নাখ'ঈ হাদীছ জাল করতেন। যেমনটি ইমাম আহমাদ ও অন্য বিদ্বানগণ বলেছেন। আর আবান হচ্ছেন ইবনু আবী আইয়াশ, তিনি মাতরুক, মিথ্যার দোষে দোষী। সুযুতী

হাদীছটি "আল-জামে" গ্রন্থে উল্লেখ করে ত্রুটি করেছেন। হাফিয় যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেন, ইয়াহইয়া বলেছেনঃ আবু দাউদ আন-নাখ'ঈ লোকেদের মধ্যে সর্বাপেক্ষা বড় মিথ্যুক ছিলেন। অতঃপর তিনি তার কতিপয় হাদীছ উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি। ইবনু আদী বলেনঃ তিনি একজন জালকারী ছিলেন এ মর্মে ইমামগণ একমত পোষণ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71639>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন